গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

## অক্টোবর-২০২৪ মাসের রৌমারী উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কাজী আনিসুল ইসলাম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ৩০/১০/২০২৪খ্রি.। |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | : | হাজিরা খাতায় সংরক্ষিত। |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচী: ১। গত সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত :** কোন সংশোধনী/আপত্তি না থাকায় সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রৌমারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় কৃষি বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | উপজেলা কৃষি অফিসার, রৌমারী, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা কৃষি অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। |
| ৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরো জানান গত ১৩/১০/২০২৪ খ্রিঃ হতে ০৩/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ইলিশ মাছ আহরণ, পরিবহন,বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় রাষ্ট্রীয়ভাবে নিষেধ রয়েছে। এ সময়ে যাতে কেউ মা ইলিশ আহরণ, পরিবহন,বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় করতে না পারে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। মা ইলিশ ধরা বন্ধে অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় ১ম কিস্তির বরাদ্দ বাবদ ২৪.৮৬ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। ২য় কিস্তির বরাদ্দ পাওয়া সাপেক্ষে স্কিম গ্রহণ করা হবে। তিনি আরো জানান, সায়দাবাদ হতে শিবেরডাঙ্গী পর্যন্ত রাস্তা চেইন (২৫৯০-৪০০০) মিটার পযন্ত রাস্তা পাকাকরণের কাজ চলমান রয়েছে। উক্ত রাস্তার শেষ প্রান্তে ছোটবড় ১২ টি বিভিন্ন প্রজাতির গাছ থাকায় রাস্তার কাজ উন্নয়নে সমস্যার সৃষ্টি হচ্ছে। উক্ত গাছগুলি অপসারণ/কর্তণ করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্পট কোটেশনের মাধ্যমে গাছগুলি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান যাদুরচরকে বলা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) স্পট কোটেশনের মাধ্যমে রাস্তার গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১)উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।<br>২) চেয়ারম্যান, যাদুর চর ইউপি। |

(চলমান পাতা-২)

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম |
| ৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, প্রয়োজনীয় জনবল না থাকায় কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে হাসপাতালটি পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ২ জন পরিচ্ছন্নতাকর্মীর প্রয়োজন। এছাড়াও সার্জারী ডাক্তারসহ পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক না থাকায় জরুরিভিত্তিতে চিকিৎসক পদায়নের জন্য অনুরোধ করেন। | অর্গানোগ্রাম অনুযায়ী চিকিৎসক পদায়নের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার জানান যে, অত্র দপ্তরে ১ জন মহিলা বিষয়ক কর্মকর্তা, ১ জন অফিস সহকারী, ১ জন প্রশিক্ষক, ১ জন অফিস সহায়ক ও ১ জন সুপারসহ মোট ৫টি পদ থাকলেও বর্তমানে শুধুমাত্র ১ জন সুপার কর্মরত রয়েছে। যার কারণে সরকারি সেবাসমূহ সঠিকভাবে জনগণকে প্রদান করা সম্ভব হচ্ছে না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রৌমারী, কুড়িগ্রামে প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়নের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১২ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সমবায় কার্যালয় হিসেবে ব্যবহৃত অফিস বিল্ডিংটি জরাজীর্ণ ও পুরাতন হওয়ায় উহা মেরামত করা জরুরী। যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। জরূরী ভিত্তিতে মেরামত /সংস্কার প্রয়োজন। | উক্ত বিল্ডিংএর প্রাক্কল প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী রৌমারী, কুড়িগ্রাম ২) উপজেলা সমবায় কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা-৩)

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ অফিস সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় নিয়মিত ভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৪ | পরিবেশ ও বন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ অফিস সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় নিয়মিত ভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে পরামর্শ প্রদান করা হলো। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রয়োজনীয় জনবল না থাকায় দাপ্তরিক কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। জরুরিভিত্তিতে ১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ১ জন উচ্চমান সহকারী, ১ জন হিসাব সহকারী, ১ জন কম্পিউটার অপারেটর এবং ১ জন অফিস সহায়ক পদায়ন করা হলে দাপ্তরিক কাজসমূহ সুন্দরভাবে করা সম্ভব হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৭ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) বিভাগ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রৌমারী, কুড়িগ্রাম সভায় জানান যে, ভূ-পরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার এবং বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় অত্র রৌমারী উপলোয় নিম্নবর্ণিত তফসিলে এলএলপি স্থাপনের জন্য সংশ্লিষ্ট স্কীমের জমির মালিক ২০X২০ ফুট পরিমান জমি হস্তান্তর করেছেন। উক্ত এলএলপি সমূহের মধ্যে ৬টিতে বিদ্যুৎ সংযোগ পাওয়া গেছেএ ছাড়া বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ঢাকা হতে ৩০ টি এল এলপি সেচ যন্ত্রে বিদ্যুৎ লাইন নির্মানপূর্বক সংযোগের অনুমতি পাওয়া গিয়েছে। অবশিষ্টগুলোর কাজ চলমান আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, উপজেলার চাহিদা অনুযায়ী ২ হাজার মে.টন ধারণ ক্ষমতার খাদ্য গোডাউন প্রয়োজন। কিন্তু ৫ শত মে.টন ধারণ ক্ষমতার ২টি খাদ্য গোডাউন আছে। এছাড়াও ওসিএলএসডি এর থাকার জন্য কোন আবাসন ব্যবস্থা নেই। তাই জরুরি ভিত্তিতে ১ হাজার মে.টন ধারণ ক্ষমতার ১টি নতুন খাদ্য গোডাউন এবং ওসিএলএসডি'র বাসভবন নির্মাণের জন্য অনুরোধ করেন। | রৌমারী উপজেলায় ১ হাজার মে.টন ধারণ ক্ষমতার ১টি নতুন খাদ্য গোডাউন এবং ওসিএলএসডি এর বাসভবন নির্মাণের বিষয়ে সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম (২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রৌমারী, কুড়িগ্রাম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(৩) | দাঁতভাঙ্গা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নে (ক) দক্ষিণ টাপুরচর স্টীল ব্রীজ থেকে গুটলীগ্রাম হয়ে দাঁতভাঙ্গা বাজার পর্যন্ত রাস্তাটি পাকা করণ, (খ) বড় ধনতোলা গ্রামের পাকা রাস্তার মাথা থেকে চর ধনতোলা সরকারি প্রাথমিক বিদ্যালয় হয়ে চর শৌলমারী বাজার পর্যন্ত রাস্তাটি পাকা করণ এবং (গ) ঝগড়ার চর ডিসি রাস্তা থেকে কাউয়ার চরগ্রাম গামী রাস্তায় জেসমিন এর কুড়ায় ব্রীজ নির্মাণ করার জন্য অনুরোধ করেন। | (১) চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, প্রতিবেদন দাখিল করবেন। | (১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রৌমারী, কুড়িগ্রাম। (২) চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(৪) | শৌলমারী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, শৌলমারী ইউপি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরোও জানান যে, শৌলমারী ইউনিয়ন পরিষদের (পুরাতন পরিষদ ভবনের) বড়াইকান্দি বাজারে ইউনিয়ন পরিষদের নামে রেকর্ডভুক্ত খতিয়ান নং-০৩, দাগ নং-৫৬৪৬, জমির পরিমান ০.২৯০০ (শূন্য দশমিক দুই নয় শূন্য শূন্য) একর যা দীর্ঘদিন যাবৎ বড়াইকান্দি বাজারের আশে পাশের লোকজন বিভিন্নভাবে বেদখল করে ভোগ করিতেছে। শৌলমারী ইউনিয়ন পরিষদ কোনভাবেই দখলে নিতে পারছে না। তাই উক্ত জমি ইউনিয়ন পরিষদের দখলে নিয়ে আসার জন্য প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান যে, নেশাখোরদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। | চেয়ারম্যান, শৌলমারী ইউপি কর্তৃক প্রস্তাবিত বিষয়সমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) সহকারী কমিশনার (ভূমি), রৌমারী, কুড়িগ্রাম। (২) চেয়ারম্যান, শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম। |
| ১৮(৫) | বন্দবেড় ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, বন্দবেড় ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বন্দবেড় ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(৬) | রৌমারী ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, রৌমারী ইউপি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। রৌমারী বাজারের বিভিন্ন গলির রাস্তাগুলি আরসিসি দ্বারা পাকা করা প্রয়োজন। রৌমারী ইউনিয়নের হাট-বাজারগুলিতে স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রৌমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(৭) | যাদুরচর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, যাদুরচর ইউপি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, যাদুরচর ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(৮) | চর শৌলমারী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, চর শৌলমারী ইউপি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি সভায় আরোও জানান যে, চর শৌলমারী ইউনিয়নে জরুরিভিত্তিতে (ক) ফুলকার চর পাকা রাস্তার মাথা হতে কাজাই কাটা নতুন বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ, (খ) চর শৌলমারী চৌরাস্তা হতে পশ্চিম দিকে একটি ব্রীজ নির্মাণ, (গ) বেলায়েত এর বাড়ি হতে লাউবাড়ি বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ, (ঘ) কাজাইকাটা স্কুল এন্ড কলেজের একটি ফ্লাট স্টোর কাম স্কুল নির্মাণ, (ঙ) কাজাই কাটা আয়নাল মাস্টারের বাড়ির সামনে একটি ব্রীজ নির্মাণ, (চ) কাজাইকাটা গাছবাড়ি গুচ্ছগ্রামের রাস্তা নির্মাণ এবং (ছ) মিয়ারচর খেয়া ঘাটের সামনে ব্রীজ নির্মাণ করার জন্য অনুরোধ করেন। | (১) চর শৌলমারী ইউনিয়নের প্রস্তাবিত প্রকল্পসমূহ সরেজমিনে তদন্তপূর্বক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রৌমারী, কুড়িগ্রাম প্রতিবেদন দাখিল করবেন। | (১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রৌমারী, কুড়িগ্রাম (২) চেয়ারম্যান, চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |

(চলমান পাতা-৫)

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(৯) | রৌমারী থানা | অফিসার ইনচার্জ, রৌমারী থানা সভায় জানান যে, রৌমারী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে রৌমারী উপজেলাটি যেহেতু সীমান্তবর্তী একটি উপজেলা, সেহেতু মাদকদ্রব্য সরবরাহের একটি গুরুত্বপূর্ণ রোড। মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতির অংশ হিসেবে রৌমারী থানা পুলিশ সর্বাত্নক চেষ্ঠা করে যাচ্ছে। কিন্তু পর্যাপ্ত সংখ্যক যানবাহন না থাকায় সঠিক সময়ে অভিযান পরিচালনা করা সম্ভব হচ্ছে না। এছাড়াও অফিসারদের প্রয়োজনীয় সংখ্যক অফিস কক্ষ ও আবাসন ব্যবস্থা না থাকায় সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হচ্ছে না। তিনি জুয়া প্রতিরোধে সকলের সমন্বয়ে কাজ করার অনুরোধ করেন। | রৌমারী থানার যানবাহন ও আবাসন সংকট নিরসনের বিষয়ে জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, . কুড়িগ্রাম। (২) অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম |
| ১৮(১১) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ অফিস সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় নিয়মিত ভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা হিসাব রক্ষণ অফিসারকে পরামর্শ প্রদান করা হলে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১২) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা হয়নি। | পরবর্তী সভায় নিয়মিত ভাবে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৩) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সর্ম্পকে কোন আলেঅচনা হয়নি। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৪) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রৌমারীকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৫) | তথ্য আপা : (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উঠান বৈঠকগুলো নিয়মিত করা হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা: (২য় পর্যায়), রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৬) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি সভায় আরো জানান যে, রৌমারী উপজেলায় যে পরিমাণ বিদ্যুৎ এর প্রয়োজন তার থেকে আমরা কম বিদ্যুৎ পাই। এ কারণে আমাদের ভোল্টেজের সমস্যা দেখা দেয়। এছাড়াও প্রায় ৯০ কি.মি. দুরে শেরপুরে জাতীয় গ্রিড স্টেশন অবস্থিত। এত দুর থেকে বিদ্যুৎ নিয়ে আসতে ভোল্টেজ কমে যায়। সে কারণে রৌমারী উপজেলায় একটি জাতীয় গ্রিড স্টেশন স্থাপনের অনুরোধ জানান। | রৌমারী উপজেলায় বিদ্যুৎ এর জাতীয় গ্রিড স্টেশন নির্মাণের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। (২) ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

A)

(চলমান পাতা-৬)

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৭) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় জানান যে, উপজেলা পর্যায়ের অনেক দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ করা নাই। সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনগাদ করা প্রয়োজন। সকল দপ্তর কর্তৃক নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করতে যে কোন সমস্যা হলে সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগ করতে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৮) | বিজিবি | কোম্পানী কমান্ডার, রৌমারী বিজিবি সভায় অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | কোম্পানী কমান্ডার, বিজিবি (সকল), রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(১৯) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, রৌমারী সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮(২০) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সাবেক ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সভায় জানান যে, প্রতিটি গ্রামে চুরির ঘটনা ঘটছে। মাদক সেবীগণ এই চুরি সাথে জড়িত। তিনি মাদক বিক্রির স্থান নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও ফুলুয়ার চর নৌকা ঘাট এবং বলদমারা নৌকা ঘাটের অটোভ্যান মালিকগণ জনগণের সাথে খারাপ ব্যবহার করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | (১) মাদক বিক্রির স্থান চিহ্নিত করতে হবে।<br>(২) জনগণের সর্বোচ্চ সেবা নিশ্চিতকরণে অটোভ্যান সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। কমান্ডার, বিজিবি ক্যাম্প (সকল), রৌমারী, কুড়িগ্রাম<br>২। সভাপতি ও সাধারণ সম্পাদক, অটোভ্যান মালিক সমিতি, রৌমারী, কুড়িগ্রাম |

(১৯) **বিবিধ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক**, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | বাস্তবায়নের ধরণ | অর্থায়ণ |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সিসি ক্যামেরা স্থাপন ও মেরামতকরণ। | ২,০০,০০০/- | পিআইসি | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| ২ | উপজেলা পরিষদের দক্ষিণ পাশ্বের্র বাউন্ডারী ওয়াল মেরামতকরণ | ২,০০, ০০০/- | পিআইসি | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| ৩ | উপজেলা পরিষদের পূর্ব পাশ্বের্র বাউন্ডারী ওয়াল মেরামতকরণ | ২,০০, ০০০/- | পিআইসি | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** ১। ০১ হতে ০৩নং ক্রমিকে বর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসি মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(চলমান পাতা-৭)

(২০) **বিবিধ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক** জানান যে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পটি সভায় উপস্থাপন করা হয়।

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | বাস্তবায়নের ধরণ | অর্থায়ণ |
|---|---|---|---|---|
| ১ | রৌমারী উপজেলার আনসার ব্যারাক মেরামত ও আনসার ব্যারাকের পানির ট্যাংকের পিলার সংস্কার। | ২,০০,০০০/- | পিআইসি | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** ০১ নং প্রকল্পসটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(২১) বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা ফ্যাসিলেটর, লোকাল গর্ভমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট সভায় চেঞ্জ (লজিক) প্রকল্পের আওতায় প্রস্তাবিত ০২(দুই) টি প্রকল্প সভায় উপস্থাপন করেন। যা নিম্নরুপ :

| ক্র: নং | প্রকল্পের নাম | ধরন/খাত | ইউনিয়ন | ওয়ার্ড নং | অর্থ বছর | প্রকল্প ব্যয় | প্রশাসনিক ব্যয় | মোট বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রৌমারী ইউনিয়নের বামনেরচর গ্রামে বন্যসহনশীল বক্স কালভার্ট নির্মাণ (ব্যবহৃত জমির আনুমানিক মূল্য ১,৬০,০০০/- সহ অর্থায়ন হিসাবে দেখানো হয়েছে। | সামাজিক সুরক্ষা | রৌমারী | ০২ | ২০২৩-২৪ | ১০,০০,১৮৭/- | ৪৫,০০৮/- | ১০,৪৫,১৯৫/- |
| ০২ | দাঁতভাঙ্গা ইউনিয়নের তেকানী গ্রামের সৌর চালিত সেচ পাম্প নির্মাণ (ব্যবহৃত জমির আনুমানিক মূল্য ৩,০০,০০০/- সহ অর্থায়ন হিসাবে দেখানো হয়েছে। | কৃষি | দাঁতভাঙ্গা | ০৮ | ২০২৪-২৫ | ২২,৬৫,৯৮৭/- | ১,০২,৭৩৬/- | ২৩,৬৮,৭২৩/- |
| | | | | | | ৩২,৬৬,১৭৪/- | ১,৪৭,৭৪৪/- | ৩৪,১৩,৯১৮/- |

স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (Local adaption plan of Action, LAPA) অনুমোদন ঃ রৌমারী উপজেলাকে জাতীয় অভিযোজন কৌশল স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভূক্তিকরণ ও বাস্তবায়নের মাধ্যমে একটি জলবায়ু সহিষ্ণু এলাকা তৈরী করে স্থানীয় মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি করণে কাজ করবে। এরই ধারাবাহিকতায় লজিক প্রকল্পের সহযোগিতায় স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (Local adaption plan of Action, LAPA) প্রণয়ন করা হয়েছে।

**সিদ্ধান্ত :** লজিক প্রকল্পের আওতায় ০২(দুই) টি প্রকল্প অনুমোদন এবং স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (Local adaption plan of Action, LAPA) অনুমোদনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(২২) বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ আবু রায়হান এবং জনাব মোঃ আব্দুল জলিল উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ এর আলোকে তাদের প্রদেয় ভবিষ্য তহবিলের হিসাব খোলার এবং উক্ত হিসাবে পরিষদ কর্তৃক প্রদত্ত অর্থ জমা প্রদানের জন্য আবেদন করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.১৫৭.২০.৭৩৬ নং স্মারকে উপজেলা পরিষদ (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক উপজেলা পরিষদ কর্মচারীগণের সাধারণ ভবিষ্য তহিবল (সিজিএফ) গঠনের কার্যক্রম গঠন করে জানানোর জন্য তাগিদপত্র প্রদান করা হয়েছে। তিনি উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ সভায় পাঠ করে শোনান। তিনি রৌমারী উপজেলা পরিষদে কর্মরত বর্ণিত ০২(দুই) জন কর্মচারীর সাধারণ ভবিষ্য তহবিল (সিজিএফ) গঠনের বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক রৌমারী উপজেলা পরিষদে কর্মরত বর্ণিত ০২(দুই) জন কর্মচারীর সাধারণ ভবিষ্য তহবিল (সিজিএফ) গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উজেলা নির্বাহী অফিসার, রৌমারীকে অনুরোধ করা হলো।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

A2

(চলমান পাতা-৮)

(২৩) বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, দীর্ঘদিন যাবত উপজেলা পরিষদ রেষ্ট হাউস ও উপজেলা পরিষদ অডিটরিয়াম এ কেয়ার টেকার না থাকার কারণে সমস্যার সৃষ্টি হচ্ছে। উপজেলা পরিষদ রেষ্ট হাউস, উপজেলা পরিষদ অডিটরিয়াম একজন কেয়ার টেকার দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদ রেষ্ট হাউস, উপজেলা পরিষদ অডিটরিয়াম, রৌমারী, কুড়িগ্রামে কেয়ার টেকার হিসাবে জনাব মোঃ ইছাহাক আলী, পিতা ঃ মোহাম্মদ আলী, গ্রাম ঃ সুতিরপাড়া, ডাকঘর ঃ রৌমারী, উপজেলা ঃ রৌমারী, কুড়িগ্রামকে কেয়ার টেকার হিসাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত কর্মচারীকে দৈনিক মজুরী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

(২৪) **বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় :** রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিলসমূহ অনুমোদনের জন্য অনুরোধ জানান।

১। সেপ্টেম্বর/২০২৪ হতে অক্টোবর/২০২৪ পর্যন্ত ২(দুই) মাসের আপ্যায়ন বিল ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।
২। সেপ্টেম্বর/২০২৪ হতে অক্টোবর/২০২৪ পর্যন্ত ২(দুই) মাসের আনুষাঙ্গিক বিল ১০,০০০/- (দশ হাজার) টাকা।
৪। সেপ্টেম্বর/২০২৪ হতে অক্টোবর/২০২৪ পর্যন্ত ২(দুই) মাসের ইন্টারনেট বিল ১০,০০০/- (দশ হাজার) টাকা।
৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ম) অনুচ্ছেদের আলোকে আনসার সদস্যদের সেপ্টেম্বর/২০২৪ হতে অক্টোবর/২০২৪ পর্যন্ত ২(দুই) মাসের গ্যাস বিল ও আনুষাঙ্গিক বিল বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার বিল প্রদান।
৬। সেপ্টেম্বর/২০২৪ হতে অক্টোবর/২০২৪ পর্যন্ত ২(দুই) মাসের গাড়ী চালক, মালী, সুইপারদের দৈনিক মজুরি প্রদান।

বিবিধ বিষয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৪
(কাজী আনিসুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.২৩- ১০০০

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।
৫। উপজেলা ............................................ কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম।
৬। ........................................................................ রৌমারী, কুড়িগ্রাম।
৭। অফিস কপি।

৩০/১০/২৪
(কাজী আনিসুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৮-৫৬০০১ (অফিস)
ই-মেইল : unorowmari@mopa.gov.bd